সংবাদ

তারিখ 24-FEB-2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

জামালপুরে রাষ্ট্রপতি

# বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার

প্রতিনিধি, জামালপুর

বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার। শিক্ষার্থীদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় এই সরকার প্রণয়ন করেছে জাতীয় শিক্ষানীতি-২০১০। প্রাথমিক থেকে মাধ্যমিক শ্রেণী পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান, শিক্ষা ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ, ঝরেপড়া শিক্ষার্থীদের হার কমানোসহ শিক্ষার উন্নয়নে বর্তমান সরকার ব্যাপক ভূমিকা রাখছে। জামালপুর আশেক মাহমুদ কলেজের ৭০ বছর পূর্তি উৎসব উদযাপনে গত সোমবার আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল ংহামিদ। এ অনুষ্ঠানে প্রধান অতিথি রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উপস্থিত জনতার উদ্দেশ্যে দুই পৃষ্ঠার একটি লিখিত বক্তব্যও পাঠ করেন।

জামালপুর আশেক মাহমুদ কলেজের ৭০ বছর পূর্তি উৎসব উদযাপনে সোমবার দুপুরে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তার লিখিত বক্তব্যের একাংশে উপস্থিত অতিথি বৃন্দের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশ এখন নিম্ন মধ্য আয়ের দেশ। খুব শীঘ্রই মধ্য আয়ের দেশে পরিণত হবে ইনশাল্লাহ্। ইতিমধ্যেই দেশের বিদ্যুত সংকট দুর হয়েছে। দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। মঙ্গা বলতে এখন আর কিছুই নাই। চিকিৎসা ক্ষেত্রে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার কমিয়ে বাংলাদেশ আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছে। তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ হিসাবে দেশকে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে। বাংলাদেশের মাথাপিছু আয় বৃদ্ধি পেয়েছে, ব্যাংকে রিজার্ভ বেড়েছে স্মরণকালের সর্বোচ্চ পরিমাণ। স্থল-সীমান্ত চুক্তি, সমুদ্র বিজয়ের মাধ্যমে নতুন ভূখণ্ড লাভ বাংলাদেশকে এক অনন্য উচ্চতায় নিয়ে গেছে। বাংলাদেশ এখন মজবুত অর্থনৈতিক ভিত্তির ওপর দাঁড়িয়ে। পদ্মা সেতুর মত বৃহৎ একটি প্রকল্প নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করছে। অগ্রগতির এই ধারাটিকে অব্যাহত রাখতে হলে আমাদের নিরলসভাবে কাজ করে যেতে হবে। সবার উপরে দেশকে স্থান দিতে হবে।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তার লিখিত বক্তব্য পাঠে উপস্থিত জনতাকে শুভেচ্ছা ও ছালাম জানিয়ে শুরুতেই অলিখিত বক্তব্যে বলেন, বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম এমপিসহ আশেক মাহমুদ কলেজের ৭০ বছর পূর্তি উৎসব উদযাপন কমিটির আয়োজকরা তাকে জামালপুর এবং সরিষাবাড়ি উপজেলায় তার বেয়াই বাড়িতে যাওয়ার সুযোগ করে দিয়েছেন। তাই তিনি আয়োজকদের ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আশেক মাহমুদ কলেজের অধ্যক্ষ মুজাহিদ বিল্লাহ ফারুকীর সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম এমপি, সাবেক ভূমিমন্ত্রী রেজাউল করিম হীরা এমপি, প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্যসচিব আবুল কালাম আজাদ, জামালপুর জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট বাকী বিল্লাহ, জামালপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফারুক আহাম্মেদ চৌধুরী, জামালপুর পৌর সভার নবনির্বাচিত মেয়র মির্জা সাখাওয়াতুল আলম মনি।

সভা শেষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে সমবেত জনতা দাঁড়িয়ে শ্রদ্ধা জানিয়ে রাষ্ট্রপতিকে বিদায় জানান। পরে সভামঞ্চে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা এবং কলেজের শিক্ষার্থীদের পরিবেশিত ডিসপ্লে অনুষ্ঠিত হয়। এছাড়াও কলেজের ৭০বছর পূর্তি উৎসব উদযাপনে কলেজ প্রাঙ্গণে মোমবাতি প্রজ্জ্বলন, আতশবাজি, ফানুস ওড়ানো ও জলের গান পরিবেশনের উদ্যোগ নেয়া হয়েছে।